রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
(মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সেল)

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

প্রকা/শানিবি সার্কুলার লেটার নং-০৯/২০১৮ — তারিখ: ৩০.১০.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: লেনদেন অনুমিত মাত্রা (Transaction Profile-TP) যথাযথভাবে সংরক্ষণ প্রসংগে।

প্রিয় মহোদয়

আপনারা অবগত আছেন যে কোন দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়ন মারাত্মক বিপর্যয় ডেকে আনতে পারে। এ অবস্থা থেকে পরিত্রাণের লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) তাদের ১৯.০৭.২০১৭ তারিখের পরিপত্র নম্বর বিএফআইইউ-১৯/২০১৭ জারী করেছে যা শাখা নিয়ন্ত্রণ বিভাগের ২৬.০৯.২০১৭ তারিখের সার্কুলার লেটার নম্বর-০৪/২০১৭ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। এছাড়া মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে Uniform Account Opening Form ইতোমধ্যে সকল শাখায় সরবরাহ করা হয়েছে।

০২। কোনো হিসাব খোলার সময় গ্রাহকের অন্যান্য তথ্যাবলীর পাশাপাশি গ্রাহকের সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা নির্ধারণ করতে হয়। অনুমিত মাত্রা (TP) নেয়ার মূল উদ্দেশ্য হচ্ছে কোন হিসাবে অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন সংঘটিত হচ্ছে কিনা তা যাচাই ও চিহ্নিত করা। এ ব্যাংকের সকল শাখায় IBS software এর মাধ্যমে লেনদেন সম্পন্ন করা হচ্ছে। IBS software Individual Account Opening Form এর সকল তথ্য Input দেয়াসহ TP সঠিকভাবে Input দিতে হবে। অভিন্ন হিসাব খোলার ফরমে সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (TP) এর নির্ধারিত ফরমে সংযুক্ত করা আছে। উক্ত ফরমে হিসাব খোলার পর গ্রাহকের মাসিক লেনদেন কি রকম হবে সে বিষয়ে ঘোষণাপত্র রয়েছে। এছাড়া নগদ জমা, নগদ উত্তোলন, ট্রান্সফার, ফরেন রেমিটেন্স, আমদানি/রপ্তানি, আয়/ব্যয় ও অন্যান্য মাসিক লেনদেনের সংখ্যা, সর্বোচ্চ লেনদেনের অংক, মোট জমা বা উত্তোলনের পরিমাণ এবং লেনদেনের উৎস সম্পর্কে তথ্য লিপিবদ্ধ করার বিধান রয়েছে। অনুমিত মাত্রা পরিহার করে লেনদেন করা বা লেনদেনের অনুমতি প্রদান মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ আইনের স্পষ্ট লংঘন। অনুমিত মাত্রা পরিহার করে লেনদেনকরণ STR প্রদানযোগ্য বিধায় এরূপ ক্ষেত্রে লেনদেনের অনুমতি প্রদান করা যাবে না। এক্ষেত্রে গ্রাহকের অনুমিত মাত্রা সংশোধন করতে হবে। নির্ধারিত ছয় মাস পরপর গ্রাহকের লেনদেনের উপর নির্ভর করে গ্রাহকের সম্মতিক্রমে অনুমিত মাত্রা সংশোধন করতে হবে। প্রয়োজনে এর পূর্বেও TP সংশোধন করা যাবে। তবে TP সংশোধন করে তা নির্ধারিত ফাইলে সংরক্ষণ করতে হবে।

০৩। এ বিষয়ে শাখাসমূহের বর্তমান অবস্থা গত ০৮.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত CCC এর সভায় আলোচনা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

> "শাখার IBS Software এ TP (Transaction Profile) limit সঠিকভাবে সংযোজিত রয়েছে কিনা সে বিষয়টি শাখা ব্যবস্থাপকগণ যাচাই করে দেখবেন। TP লিমিট সংযোজন করা না থাকলে ICT বিভাগের সাথে যোগাযোগ করে তা ঠিক করে নিবেন। শাখার আমানত হিসাবসমূহের সঠিক TP limit entry করা না থাকলে প্রতিদিন ১০টি করে TP entry করত: IBS Software এ সংশোধন করতে হবে। এতদসংক্রান্ত তথ্য ফাইলে সংরক্ষণ করতে হবে।"

ক্রমশ: পাতা-০২

০৪। অনুচ্ছেদ নম্বর ৩ এ বর্ণিত নির্দেশনার আলোকে TP বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলো:

ক) গ্রাহকের হিসাব খোলার সময় অভিন্ন হিসাব খোলার ফরমের সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (TP Limit) সঠিক ও বাস্তব সম্মত তথ্য সন্নিবেশ করতে হবে;

খ) অনুমিত মাত্রা (TP Limit) IBS Software এর সাথে সংযোজন করা না থাকলে সংযোজন করে নিতে হবে এবং এ বিষয়ে নিশ্চিত হতে হবে যে TP তে নির্ধারিত লেনদেন মাত্রার (TP Limit) অতিরিক্ত কোন লেনদেন সংঘটিত হচ্ছে না;

গ) ছয় মাস পরে গ্রাহকের লেনদেনের উপরে নির্ভর করে অনুমিত মাত্রা (TP Limit) সংশোধন করতে হবে প্রয়োজনে এর পূর্বেও (প্রয়োজন মোতাবেক) সংশোধন করা যাবে এবং তা নির্ধারিত নথিতে সংরক্ষণ করতে হবে;

ঘ) যে সমস্ত হিসাবে TP Limit সংযোজন/সংশোধন করার প্রয়োজন রয়েছে সে সকল হিসাব চিহ্নিত করে প্রতিদিন কমপক্ষে ১০টি করে TP Limit সংযোজন/সংশোধন করে ১০০% হিসাবের TP Limit সংযোজন/সংশোধন নিশ্চিত করতে হবে;

ঙ) কোন হিসাবে নির্ধারিত TP Limit এর বাইরে লেনদেন সংঘটিত হলে তা STR প্রদানযোগ্য। এক্ষেত্রে যাচাই বাছাই করে STR প্রদানযোগ্য হলে তাৎক্ষণিকভাবে STR প্রদান বাধ্যতামূলক।

০৫। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৯.১০.২০১৮
(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক
ও
DCAMLCO

পত্র নং-প্রকা/শানিবি-১০৫(২)/২০১৮-২০১৯/৫৩৯(৩৯৯)/৫৪ তারিখ: ৩০.১০.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

২৯.১০.২০১৮
(শেখ মোঃ নূরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক